

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮১৯

الجهاد (کتاب الجهاد) अष्ट/ जिशेष

পরিচ্ছেদঃ ১৮/২১. যুদ্ধক্ষেত্রে রেশমী বস্ত্র পরিধান

بَابِ لُبْسِ الْحَرِيرِ وَالدِّيبَاجِ فِي الْحَرْبِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ الرَّحِيمِ بْنُ سُلَيْمَانَ، عَنْ حَجَّاجٍ، عَنْ أَبِي عُمَرَ، حَوْلَى أَبُو بَكْرِ بْنُ اللَّهْ الْخَرَجَتْ جُبَّةً مُزَرَّرَةً بِالدِّيبَاجِ فَقَالَتْ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَلْبَسُ هَذِهِ إِذَا لَقِيَ الْعَدُوَّ .

বাংলা

১/২৮১৯। আসমা বিনতে আবূ বকর (রাঃ) থেকে বর্ণিত। তিনি একটি সোনার বোতামযুক্ত জামা বের করে বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শক্রবাহিনীর সাথে যুদ্ধ করার সময় এটি পরিধান করতেন।

English

It was narrated from Abu 'Umar, the freed slave of Asma', from Asma' bint Abi Bakr, that she brought out a cloak edged with brocade and said: "The Prophet (ﷺ) used to wear this when he met the enemy."

ফুটনোট

আহমাদ ২৬৪০৪, ২৬৪৫৩।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী হাজ্জাজ সম্পর্কে আবু আহমাদ আল হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বায়হাকী বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়, অন্যত্র তিনি তাকে দুর্বল বলেছেন। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় তাদলীস করেন। মুহাম্মাদ বিন সা'দ তাকে দুর্বল বলেছেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি দুর্বল তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয়। (তাহযীবল কামালঃ রাবী নং ১১১২, ৫/৪২০ নং পৃষ্ঠা)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু আবূ বাকর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন